কানাইঘাটে বাঘের থাবা ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলার পুরস্কার বিতরণ

কানাইঘাট প্রতিনিধি:: কানাইঘাট উপজেলার ঝিংগাবাড়ী ইউনিয়নের বাঘের থাবা স্পোর্টিং ক্লাব কর্তৃক ৩ দিন ব্যাপী ২য় সুপার সেভেন ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে। সোমবার (২৩ নভেম্বর) বিকেল ৩টায় কাপ্তানপুর মাঠে এই টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

টুর্নামেন্টে পরিচালনা কমিটির আহ্বায়ক ছালিম অাছলামের সভাপতিত্বে ও আাদিল আহমেদের উপস্থাপনায় অনুষ্টানে প্রধান অতিথি ছিলেন সিলেট অনলাইন প্রেসক্লাবের জয়েন্ট সেক্রেটারী সাংবাদিক তাওহীদুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা এইচ এম রাজ্জাক ও সাবেক ছাত্রনেতা বিলাল অাহমদ। বক্তব্য রাখেন কাতার প্রবাসী সামছুল ইসলাম ও খেলার সেক্রেটারি হাবিব আহমেদ।

ফাইনাল খেলার সমাপনী দিনে বক্তারা বলেন, সুস্থ দেহ ও সতেজ মন ধরে রাখতে খেলাধুলা ও শারীরিক পরিশ্রমের কোন বিকল্প নেই। শারীরিক সুস্থতা ও মনের প্রফুল্লতা আমাদের দৈনন্দিন জীবনের নানাবিধ কাজেকর্মে সহায়ক ভূমিকা পালন করে। বক্তারা বলেন, খেলাধুলায় জয় পরাজয় থাকবে, এতে মন খারাপ করার কিছু নেই, খেলায় অংশগ্রহণ করাটাই হলো এর মুখ্য বিষয়। বক্তারা বিভিন্ন সময়ে সমাজের বিত্তশালীদের এ ধরনের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজনের আহ্বান জানান।

ফাইনাল খেলায় টিম মেসার্স ক্রিকেট ক্লাব গাছবড়ীকে ৪ উইকেটে হারিয়ে সেভেন স্টার ক্রিকেট ক্লাব, গোলাপগঞ্জ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ফাইনাল খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন সালিম অাহমেদ, সেরা ব্যাটসম্যান নির্বাচিত হন সালিম অাহমেদ, টুর্নামেন্টে সেরা বোলার নির্বাচিত হন অপু।

উক্ত খেলা পরিচালনা করেছেন মুমিন, পারুল, আফজাল, তাহের, শ্যামল,সালমান, ইলিয়াস।